

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ বিতর ছালাত রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৩) কুনৃত পড়ার পূর্বে তাকবীর দেওয়া ও হাত উত্তোলন করে হাত বাঁধা

বিতর ছালাতে কিরাআত শেষ করে তাকবীর দিয়ে পুনরায় হাত বাঁধার যে নিয়ম সমাজে চালু আছে তা ভিত্তিহীন। অথচ মাওলানা মুহিউদ্দ্বীন খান লিখেছেন, 'তৃতীয় রাকআতে কেরাআত সমাপ্ত করে রুকুতে যাওয়ার পূর্বে কান পর্যন্ত হাত তুলে আল্লাহ আকবার বলবে। এরপর হাত বেঁধে নিয়ে দোআ কুনূত পাঠ করবে। এটা ওয়াজিব'।[1] অথচ উক্ত দাবীর পক্ষে কোন ছহীহ দলীল নেই।

ইবনু মাসঊদ (রাঃ) বিতর ছালাতে কুনূত পড়তেন। আর তিনি যখন ক্রিরাআত শেষ করতেন, তখন তাকবীর দিতেন এবং দুই হাত তুলতেন। অতঃপর কুনৃত পড়তেন।[2]

তাহকীক: বর্ণনাটি ভিত্তিহীন। আলবানী (রহঃ) বলেন,

আছরামের সনদ সম্পর্কে আমি অবগত নই। এমনকি তার কিতাব সম্পর্কেও অবগত নই।... আমার একান্ত ধারণা, এই বর্ণনা সঠিক নয়।[3] উল্লেখ্য যে, উক্ত ভিত্তিহীন বর্ণনা দ্বারাই ড. ইলিয়াস ফায়সাল দলীল পেশ করেছেন।[4] আরো উল্লেখ্য যে, উক্ত বর্ণনার মধ্যে পুনরায় হাত বেঁধে কুনৃত পড়ার কথা নেই। এ মর্মে কোন দলীলও নেই। অথচ এটাই সমাজে চলছে। বরং এটাকে ওয়াজিব বলা হয়েছে।

ফুটনোট

- [1]. তালীমুস্-সালাত, পৃঃ ১৭১।
- [2]. মুছান্নাফ ইবনে আবী শায়বাহ হা/৭০২১-২৫; মুছান্নাফ আব্দুর রাযযাক হা/৫০০১।
- [3]. ইরওয়াউল গালীল হা/৪২৭, ২/১৬৯ পৃঃ।
- [4]. নবীজীর নামায, পৃঃ ২৪৬২৪৭।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1968

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন